

## 💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১২৩

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ১৮. ফাতওয়া প্রদানে অনীহা

بَابُ كَرَاهِيَة الْفُتْيَا

## আরবী

أَخْبَرَنَا مُسْلِمُ بْنُ إِبْرَاهِيمَ، حَدَّثَنَا حَمَّادُ بْنُ يَزِيدَ الْمِنْقَرِيُّ، حَدَّثَنِي أَبِي، قَالَ: " جَاءَ رَجُلُ يَوْمًا إِلَى ابْنِ عُمَرَ رَضِيَ اللَّهُ عَنْهُمَا، فَسَأَلَهُ عَنْ شَيْءٍ لَا أَدْرِي مَا هُوَ، فَقَالَ لَهُ: ابْنُ عُمَرَ: لَا تَسْأَلُ عُمَّا لَمْ يَكُنْ، فَإِنِّي سَمِعْتُ عُمَرَ بْنَ الْخَطَّابِ رِضْوَانُ اللَّهِ عَلَيْهِ يَلْعَنُ مَنْ سَأَلَ عَمَّا لَمْ يَكُنْ

إسناده جيد

## বাংলা

১২৩. হাম্মাদ ইবনু ইয়াযীদ আল-মিনকারী তার পিতা হতে বর্ণনা করেন, তিনি বলেন, একদিন এক লোক ইবনু উমার রাদ্বিয়াল্লাহু আনহুমা'র নিকট এলো এবং তাঁকে একটি বিষয়ে জ্ঞিজ্ঞেস করল, আমি জানি না সে বিষয়টি কী। তখন ইবনু উমার তাকে বললেন, যা এখনও সংঘটিত হয়নি, সে বিষয়ে প্রশ্ন কর না। কেননা, যা ঘটেনি এমন একটি বিষয়ে প্রশ্নকারীর প্রতি আমি উমার ইবনুল খাত্তাব রাদ্বিয়াল্লাহু আনহুকে লা'নত (অভিশাপ) করতে শুনেছি।[1]

## ফুটনোট

[1] তাহকীক: এর সনদ জাইয়্যেদ (উত্তম)।

তাখরীজ: ইবন আব্দুল বাররা, জামি' বয়ানুল ইলম নং ১৮২০, সনদ যয়ীফ; আবী খায়ছামা, আল ইলম নং ১৪৪; খতীব, আল ফাকীহ ওয়াল মুতাফাকিহ ২/৭, ৮, সনদ যয়ীফ।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিসবিডি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন